দৈনিক বাংলা

তারিখ 05 DEC 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

৩।

### ছাত্রদের লেখাপড়া ব্যাহত হচ্ছে

# কিশোরগঞ্জে প্রাথমিক শিক্ষা বিভাগে ১০৯ পদ শূন্য

নিজস্ব সংবাদদাতা ঃ কিশোরগঞ্জ জেলায় দীর্ঘদিন যাবৎ জেলা প্রাথমিক কর্মকর্তা, থানা শিক্ষা কর্মকর্তা ও সহকারী শিক্ষা কর্মকর্তাসহ মোট ১০৯টি কর্মকর্তা ও শিক্ষকের পদ শূন্য রয়েছে। এতে ছাত্রদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। জেলা শিক্ষা কর্মকর্তাদের এইসব পদ দীর্ঘদিন যাবৎ শূন্য থাকায় প্রাথমিক শিক্ষা, কার্যক্রম, শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর বিভিন্ন কার্যক্রম ব্যাহত হচ্ছে।

কিশোরগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় সূত্রে জানা গেছে, জেলার ১৩টি থানার মধ্যে ১০টি থানাতেই থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নেই (এ থানাগুলো হচ্ছে সদর, বাজিতপুর, ভৈরব, ইটনা, মিঠামন, কুলিয়ারচর, অষ্টগ্রাম, হোসেনপুর, ও কটিয়াদী। এছাড়া, করিমগঞ্জ, পাকুন্দিয়া ও হোসেনপুর থানায় ২টি করে সহকারী শিক্ষা কর্মকর্তার পদ এবং বাজিতপুর, কুলিয়ারচর, ভৈরব, অষ্টগ্রাম ও ইটনা থানায় ১টি করে পদ শূন্য রয়েছে।

অপর দিকে ১৩টি থানায় ২৪টি প্রধান শিক্ষক ও ৬৩টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। এইসব শূন্য পদের সাথে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার পদটি খালি রয়েছে।